



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/31/2022

গভর্নর ক্যাথি হোকল

গভর্নর হোকল আপস্টেট হাসপাতালগুলিতে মিলিটারি মেডিকেল টিম প্রেরণে
ফেডারেল সরকারের অতিরিক্ত সাহায্য ঘোষণা করলেন

*রচেস্টারের স্ট্রং মেমোরিয়াল হাসপাতাল এবং সিরাকিউজে SUNY আপস্টেট
ইউনিভার্সিটি হাসপাতালে মিলিটারি মেডিকেল টিম নিযুক্ত করা হবে*

*এছাড়াও, বাফেলোর ইরি কাউন্টি মেডিকেল সেন্টারে বিদ্যমান মিলিটারি মেডিকেল
টিম সম্প্রসারিত করতে গভর্নরের অনুরোধ অনুমোদিত হয়েছে, যা এখন 10 মার্চ পর্যন্ত
কার্যকর থাকবে*

*ঘোষণাটি স্টেটের হাসপাতাল ব্যবস্থায় অত্যাবশ্যকীয় কর্মী নিয়োগ ত্রাণ প্রদানে
মার্কিন হেলথ এবং হিউমেন সার্ভিসেস ডিপার্টমেন্ট এবং ডিফেন্স ডিপার্টমেন্টের
বিদ্যমান সমর্থনকে অনুসরণ করে*

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে 7 ফেব্রুয়ারিতে ফেডারেল সরকারের অতিরিক্ত সংস্থান নিউ ইয়র্কে আসবে, যা শীতকালে কোভিড-19 আক্রান্তের সংখ্যা বৃদ্ধির সময় হাসপাতালগুলিকে অতিরিক্ত ত্রাণ প্রদান করবে, যা আগামী সপ্তাহগুলিতে অতিরিক্ত চাপে থাকা হাসপাতাল কর্মী ও ব্যবস্থাকে সহায়তা করবে। রচেস্টারের স্ট্রং মেমোরিয়াল হাসপাতাল (Strong Memorial Hospital, URMH) এবং সিরাকিউজে SUNY আপস্টেট ইউনিভার্সিটি হাসপাতাল (SUNY Upstate University Hospital) উভয়ই ফেব্রুয়ারিতে দুইটি মার্কিন ডিফেন্স ডিপার্টমেন্ট (U.S. Department of Defense, DOD) মিলিটারি মেডিকেল টিমের (Military Medical Teams, MMT) সহায়তা লাভ করা শুরু করবে। পূর্বে 26 জানুয়ারি পর্যন্ত মার্কিন হেলথ এবং হিউমেন সার্ভিসেস ডিপার্টমেন্টের (U.S. Department of Health and Human Services, HHS) ডিজাস্টার মেডিক্যাল অ্যাসিস্টেন্স টিম (Disaster Medical Assistance Teams) SUNY আপস্টেটকে সমর্থন করেছে। নতুন টিমগুলির প্রতিটিতে 20 সদস্য থাকবে বলে মনে করা হচ্ছে, টিমে থাকবে ডাক্তার, নার্স, শ্বাসপ্রশ্বাস টেকনিশিয়ান এবং কমান্ড স্টাফ। তারা রোগীর ক্ষমতা অফসেট করতে সহায়তা করবে এবং আনুমানিক 30 দিনের জন্য সংহত করা যেতে পারে। আসন্ন নতুন টিমের পাশাপাশি, গভর্নর হোকল ইরি কাউন্টির মেডিকেল সেন্টারে (Erie County Medical Center) নিযুক্ত MMT-র সময় 30 দিন বৃদ্ধির ঘোষণাও করেছেন, যা এখন 10 মার্চ পর্যন্ত কার্যকর থাকবে।

"আমরা প্রেসিডেন্ট বাইডেনের প্রতি কৃতজ্ঞ আপস্টেট হাসপাতালের জন্য অতিরিক্ত সাহায্য চেয়ে করা আমাদের অনুরোধকে সম্মান জানানোর জন্য, হাসপাতালগুলি বর্তমানের শীতকালীন কোভিড-19 আক্রান্তের সংখ্যা বৃদ্ধির কারণে চাপে রয়েছে।" **গভর্নর হোকল বলেন।** "এই টিমগুলি স্বাস্থ্য সেবা ব্যবস্থাকে জোরদার করতে অনেক সাহায্য করবে, টিমগুলি পশ্চিম নিউ ইয়র্ক, সেন্ট্রাল নিউ ইয়র্ক এবং এখন ফিঙ্গার লেকসের হাসপাতালগুলিকে সমর্থন করবে। আমি প্রেসিডেন্ট বাইডেন ও ফেডারেল সরকারে আমাদের অংশীদারদের সাথে কাজ চালিয়ে যাবো যাতে শীতকালীন কোভিড-19 আক্রান্তের সংখ্যা বৃদ্ধির সময়ে নিউ ইয়র্কের জন্য আরো সংস্থান আনতে পারি।"

আজকে ঘোষিত সংস্থানগুলি ফেডারেল সরকার কর্তৃক নিউ ইয়র্ক স্টেটে নিযুক্ত বিদ্যমান সম্পদের অনুসরণ করে, যার মধ্যে রয়েছে ইরি কাউন্টি মেডিকেল সেন্টার, নর্থ সেন্ট্রাল ব্রঙ্কসে একটি এবং নিউ ইয়র্ক সিটির কনি আইল্যান্ডে আরেকটিকে মিলিটারি মেডিকেল টিম।

হোমল্যান্ড সিকিউরিটি ও ইমার্জেন্সি সার্ভিসেস ডিভিশনের (Division of Homeland Security and Emergency Services, DHSES) কমিশনার জ্যাকি ব্রে বলেন, "গভর্নর হোকল এবং স্টেটের পুরো দলটি আমরা যেখানে যেখানে পারছি স্বস্থানে আমাদের ফ্রন্টলাইন স্বাস্থ্যকর্মীদের সমর্থন প্রদানে নিবিড়ভাবে মনোনিবেশ করছে। এর মধ্যে রয়েছে স্টেটে অতিরিক্ত কর্মী সংস্থান নিয়ে আসার জন্য আমাদের ফেডারেল অংশীদারদের সাথে কাজ করা। আমি HHS এবং DOD-র প্রতি কৃতজ্ঞ স্ট্রং মেমোরিয়াল ও SUNY আপস্টেটে এই টিমগুলিকে পাঠানোর জন্য; টিমগুলি নিউ ইয়র্কের স্বাস্থ্যসেবা কর্মীবাহিনীকে শীতকালীন কোভিড-19 আক্রান্তের সংখ্যা বৃদ্ধির সময়ে সাহায্য করবে এবং আমাদের হাসপাতাল ব্যবস্থার উপর থেকে চাপ কমাতে। ডিভিশনে আমরা গভর্নর হোকলের নেতৃত্বাধীন আমাদের অংশীদার এজেন্সিগুলির সাথে কাজ করতে থাকবো, যাতে এই টেউ সামাল দিতে সকল নিউ ইয়র্কবাসীকে সাহায্য করার জন্য আরো অতিরিক্ত সংস্থান নিশ্চিত করতে পারি।"

গভর্নর হোকল আপস্টেট অঞ্চলে আরো অতিরিক্ত মেডিকেল কর্মী সমর্থনের জন্য আহ্বান করে যাচ্ছেন। এখন পর্যন্ত এই টিমগুলির প্রায় 70 জন নিউ ইয়র্কে রয়েছে।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)